৭

তারিখ 30 JUL 1996
পৃষ্ঠা ১ কলাম ৮

দৈনিক ইত্তেফাক

# ক্যাম্পাস উত্তপ্ত

ইত্তেফাক রিপোর্ট ॥ ছাত্রলীগের (শা-পা) আভ্যন্তরীণ একটি গ্রুপের ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হল দখলকে কেন্দ্র করিয়া ক্যাম্পাস উত্তপ্ত হইয়া উঠিয়াছে। ছাত্রলীগের অপর গ্রুপ

(১১শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ক্যাম্পাস উত্তপ্ত

(১ম পৃঃ পর)

নিয়ন্ত্রিত জগন্নাথ, এস,এম ও জহুরুল হক হলে এ প্রেক্ষাপটে চলিতেছে সমরসজ্জা। যেকোন মুহূর্তে এই সংগঠনের দুই গ্রুপের মধ্যে রক্তক্ষয়ী সংঘর্ষ বাধিয়া যাইতে পারে বলিয়া আশংকা করা হইতেছে। জানা যায়, প্রায় ১০ মাস পূর্বে ক্যাম্পাস হইতে বিতাড়িত ছাত্রলীগের মাদারীপুর-গোপালগঞ্জ গ্রুপের সশস্ত্র নেতা-কর্মীরা গত সোমবার অপরাহ্ন ২টায় আকস্মিকভাবে শহীদুল্লাহ-হল দখলের পর একই সংগঠনের প্রতিপক্ষ ফরিদপুর-শরিয়তপুর গ্রুপের মধ্যে তীব্র উত্তেজনা ছড়াইয়া পড়ে। উল্লেখ্য, গত অক্টোবর মাসের প্রথম সপ্তাহে মাদারীপুর-গোপালগঞ্জ গ্রুপকে ক্যাম্পাস হইতে বিতাড়িত করিয়া ফরিদপুর-শরীয়তপুর গ্রুপ একচ্ছত্র আধিপত্য বিস্তার করিয়া আসিতেছে। ইতিমধ্যে ফরিদপুর-শরিয়তপুর গ্রুপ কয়েকবার জগন্নাথ হল দখলের চেষ্টা চালাইয়া প্রতিপক্ষের প্রতিরোধের মুখে ব্যর্থ হয়। মাদারীপুর-গোপালগঞ্জ গ্রুপ যেকোন মুহূর্তে প্রতিপক্ষ গ্রুপ নিয়ন্ত্রিত জগন্নাথ এস এম ও জহুরুল হক হল দখল করিয়া নিতে পারে—এই আশঙ্কায় তাহারা সশস্ত্র অবস্থায় হল পাহারা দিতেছে। জগন্নাথ হলের কয়েকজন ছাত্র জানান, গত সোমবার রাতে একটি সাদা মাইক্রোবাস হইতে জগন্নাথ হলে অস্ত্র নামান হইয়াছে। এদিকে গত রবিবার রাত ১টার দিকে জহুরুল হক হলে গুলী বর্ষণের শব্দ শোনা গিয়াছে।

এদিকে গতকাল হল প্রাধ্যক্ষদের এক জরুরী সভায় শহীদুল্লাহ হলে প্রবেশকারী বহিরাগতদের হলত্যাগের নির্দেশ দেওয়া হয় এবং আইন-শৃঙ্খলা রক্ষাবাহিনীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান হইয়াছে।

শহীদুল্লাহ হলে ছাত্র লীগের সন্ত্রাস ও বহিরাগতদের হামলার প্রতিবাদে ছাত্রদল ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার উদ্যোগে গতকাল (মঙ্গলবার) হল মাঠে অনুষ্ঠিত এক সমাবেশে দলের কেন্দ্রীয় যুগ্ম-সম্পাদক শহীদ উদ্দিন চৌধুরী এ্যানি বলিয়াছেন, অবিলম্বে শেখ হাসিনা ও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ শহীদুল্লাহ হল হইতে ছাত্রলীগের সশস্ত্র কর্মীদের যদি প্রত্যাহার করিয়া না নেয় তবে ছাত্রদল যে কোন মূল্যে তাহাদের বিতাড়িত করিবে। এই জন্য উদ্ভুত পরিস্থিতির দায়-দায়িত্ব সরকারকেই বহন করিতে হইবে। ছাত্রদল নেতারা বলেন, শেখ হাসিনা এক দিকে সন্ত্রাস নির্মূলের কথা বলিতেছেন অপর দিকে সশস্ত্র কর্মীদের হল দখলের নির্দেশ দিতেছেন। এই ছাত্র সমাবেশে আরও বক্তব্য রাখেন ছাত্রনেতা নাসিরউদ্দিন পিন্টু, তরিকুল ইসলাম বনি, মনোয়ার হোসেন রানা, হাবিবুন্নবী সোহেল, মনির হোসেন প্রমুখ।

### সন্ত্রাসীদের গ্রেফতারে ছাত্রদল-ছাত্র লীগের ঐক্যমত্য

এদিকে গতকাল উদ্ভুত পরিস্থিতিতে বিশ্ববিদ্যালয় প্রক্টরের সভাপতিত্বে অনুষ্ঠিত ছাত্রদল ও ছাত্রলীগ (শা-পা) নেতৃবৃন্দের এক বৈঠকে ক্যাম্পাস হইতে বহিরাগত অস্ত্রধারী ও সন্ত্রাসীদের গ্রেফতারের ব্যাপারে ঐকমত্য প্রতিষ্ঠিত হয়। বৈঠকে ছাত্রলীগের সভাপতি এনামুল হক শামীম, সাধারণ সম্পাদক ইসহাক আলী খান পান্না, মাহবুবুল হক শাকিল, ছাত্রদলের ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি মোশাররফ হোসেন, সাংগঠনিক সম্পাদক জাকির আহমদ বাবলু প্রমুখ উপস্থিত ছিলেন।

বৈঠকে হইতে অস্ত্র উদ্ধার ও সন্ত্রাসীদের গ্রেফতারের জন্য প্রশাসনের নিকট আহ্বান জানান হয়।

### হল প্রাধ্যক্ষদের নিন্দা

শহীদুল্লাহ হলের উদ্ভুত পরিস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের হল প্রাধ্যক্ষদের এক জরুরী সভা গতকাল ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় শহীদুল্লাহ হলে একদল বহিরাগত অছাত্রের অবৈধভাবে প্রবেশ ও অবস্থানের বিষয়ে আলোচনা হয়। এবং এই ঘটনার উদ্বেগ ও নিন্দা জ্ঞাপন করা হয়।

সভায় গৃহীত প্রস্তাবে হলে প্রবেশকারী বহিরাগত অছাত্রদের হল ত্যাগের নির্দেশ প্রদান করা হয়। সভায় অপর প্রস্তাবে এই সকল বহিরাগত অছাত্রকে দল হইতে বাহির করিয়া দেওয়াসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইন শৃংখলা রক্ষাকারী কর্তৃপক্ষের পদক্ষেপ কামনা করা হয়।